যুগান্তর

তারিখ 01 JAN 2016 পৃষ্ঠা ২ কলাম ২

# চবির এক শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল : বহিষ্কার ১৯

**চবি প্রতিনিধি**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) গ্রুপিং, সংঘর্ষ, শিক্ষক, ছাত্রী ও সাংবাদিক লাঞ্ছনাসহ বিশৃংখলা সৃষ্টির ঘটনায় এক শিক্ষার্থীর ছাত্রত্ব বাতিল ও ১৯ শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার তাদের বহিষ্কারের বিষয়টি সাংবাদিকদের জানান বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আলী আজগর চৌধুরী।

প্রক্টর বলেন, বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব রেসিডেন্স হেলথ অ্যান্ড ডিসিপ্লিনারি কমিটির সভায় চলতি বছরের বিভিন্ন ঘটনায় কিছু শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিষ্কার করা হয়েছে। ১৭ ডিসেম্বর এসব সিদ্ধান্ত নেয়া হয়। এদের মধ্যে ফলিত পদার্থ বিদ্যা, ইলেকট্রনিক্স ও কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের একাডেমিক কমিটির সুপারিশের ভিত্তিতে মাস্টার্স ১৩-১৪ সেশনের শিক্ষার্থী তৈয়্যবুর রহমানের ছাত্রত্ব বাতিল করা হয়েছে। এছাড়া তার অনার্স পরীক্ষার বিভিন্ন কোর্সের বিশেষ পরীক্ষাগুলোর অনুমতিও বাতিল করা হয়। তার বিরুদ্ধে বিভাগে বিশৃংখলা সৃষ্টি ও শিক্ষক লাঞ্ছনার অভিযোগ ছিল।

## বিশৃংখলা সৃষ্টির অভিযোগ

এছাড়া ভর্তি পরীক্ষা চলাকালে ২ নভেম্বর ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষের ঘটনায় ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মিজানুর রহমান খান ও চারুকলা ইন্সটিটিউটের শিক্ষার্থী মোফাজ্জল হায়দার হোসাইনকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়। ইংরেজি বিভাগে শৃংখলা ভঙ্গ ও শিক্ষকদের শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনায় বিভাগের সুপারিশের ভিত্তিতে শিক্ষার্থী হাসান মো. জলিল রুবেলকে ১ বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। ৩১ আগস্ট ও ১ সেপ্টেম্বর মাস্টারদা সূর্যসেন হল কক্ষে ভাঙচুর ও পরে এক ছাত্রকে ছুরিকাঘাতের ঘটনায় ইন্সটিটিউট অব ফরেস্ট্রি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেসের শিক্ষার্থী নিরুতপল সরকার ও মেহেদী হাসান শাওনকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। এ ঘটনার পরের দিন এক ছাত্রকে ছুরিকাঘাত করায় ওই ইন্সটিটিউটের শিক্ষার্থী মাসুদ রানাকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়েছে।

১৪ সেপ্টেম্বর সমাজতত্ত্ব বিভাগের একটি অনুষ্ঠানে এক ছাত্রীকে লাঞ্ছিত করার ঘটনায় বিভাগের শিক্ষার্থী মো. শিহাব উদ্দিনকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। ১০ নভেম্বর চারুকলা ইন্সটিটিউট হোস্টেলে দু'গ্রুপে সংঘর্ষের ঘটনায় ইন্সটিটিউটের শিক্ষার্থী সুব্রত কুমার মজুমদার, আবীর ইবনে রফিক ও আবদুল ওয়াহাব রাজীবকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। একই ঘটনায় মো. রাফিউল্লাহকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে।

২ নভেম্বর বিশ্ববিদ্যালয়ে ২ ছাত্রীকে লাঞ্ছিত করার ঘটনায় ৬ মাসের জন্য বহিষ্কার হয়েছেন ইতিহাস বিভাগের শিক্ষার্থী দিদারুল ইসলাম ও ইরফাতুল আলম পিটু।

বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় প্রক্সি দেয়ার ঘটনায় মার্কেটিং স্টাডিজ বিভাগের শিক্ষার্থী আজিজুল হাকিম ও নৃবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মো. ইমরান হোসাইনকে এক বছরের জন্য বহিষ্কার করা হয়েছে। ২ নভেম্বর রাতে সোহরাওয়ার্দী হলে এক ছাত্রকে লাঞ্ছিত করার ঘটনায় চারুকলা ইন্সটিটিউটের ছাত্র জতিষ্ক চাকমা ও আধুনিক ভাষা ইন্সটিটিউটের ছাত্র রিংকু চাকমাকে ৬ মাসের জন্য বহিষ্কার করা হয়েছে। ভর্তি জালিয়াতির সঙ্গে জড়িত থাকায় ইংরেজি বিভাগের শিক্ষার্থী এসএম জাহেদুল আওয়ালকে সাময়িক বহিষ্কার এবং এ ব্যাপারে অধিক তদন্তের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এটিএন বাংলার বিশ্ববিদ্যালয় প্রতিনিধি আবু সুফিয়ানকে লাঞ্ছিত ও হত্যার হুমকি দেয়ার ঘটনায় ইন্সটিটিউট অব এডুকেশন অ্যান্ড রিসার্চের (আইইআর) শিক্ষার্থী নাসির উদ্দিন আহমেদকে সাময়িক বহিষ্কার এবং এ বিষয়ে অধিক তদন্তের সিদ্ধান্ত নেয়া হয়। এসব শিক্ষার্থীর বহিষ্কারাদেশ ২০১৫ সালের ১৭ ডিসেম্বর থেকে কার্যকর হবে।